

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৫৮৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৩০]

৬। মুসাফিরদের সালাত ও তার কসর (كتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ১৬. দাঁড়িয়ে ও বসে নফল সালাত আদায় এবং একই রাকাআতের অংশ বিশেষ দাঁড়িয়ে ও অংশ বিশেষ বসে আদায় করার বৈধতা

باب جَوَازِ النَّافِلَةِ قَائِمًا وَقَاعِدًا وَفِعْل بَعْضِ الرَّكْعَةِ قَائِمًا وَبَعْضِهَا قَاعِدًا

## আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُعَاذُ بْنُ مُعَاذٍ، عَنْ حُمَيْدٍ، عَنْ عَبْدِ اللّهِ بْنِ شَقِيقٍ الْعُقَيْلِيّ، قَالَ سَأَلْتُ عَائِشَةَ عَنْ صَلَاةِ، رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم بِاللّيْلِ فَقَالَتْ كَانَ يُصَلِّي لَيْلاً طَوِيلاً قَائِمًا وَلَيْلاً طَوِيلاً قَاعِدًا وَكَانَ إِذَا قَرَأً قَائِمًا رَكَعَ قَائِمًا وَإِذَا قَرَأً قَاعِدًا رَكَعَ قَائِمًا وَإِذَا قَرَأً قَاعِدًا رَكَعَ قَاعِدًا .

## বাংলা

১৫৮৭-(১০৯/...) আবূ বকর ইবনু আবূ শায়বাহ (রহঃ) ..... 'আবদুল্লাহ ইবনু শাকীক আল উকায়লী (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আয়িশাহ (রাযিঃ) কে রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এর রাত্রিকালীন সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বললেনঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম রাতের বেলা দীর্ঘ সময় দাঁড়িয়ে এবং দীর্ঘ সময় বসে সালাত আদায় করতেন। যখন তিনি দাঁড়িয়ে কিরআত পড়তেন তখন দাঁড়িয়েই রুকূ করতেন এবং যখন বসে কিরআত পড়তেন তখন বসেই রুকৃ' করতেন। (ইসলামী ফাউন্ডেশন ১৫৭২, ইসলামীক সেন্টার ১৫৭৯)

## **English**

'Abdullah b. Shaqiq al-'Uqaili reported:

I asked 'A'isha about the prayer of the Messenger of Allah (ﷺ) during the night (i. e. Tahajjud prayer) She replied: He used to pray for a long time standing and for a long time sitting in the night, and when he recited the Qur'an while standing, he would bow himself from the standing position, and when he recited while sitting, he would bow from the sitting position.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শাকীক আল উকাইলী (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন